সমকাল

তারিখ ১৯ MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৫

### সিনেট অধিবেশনে পাস

# রাবি কর্মকর্তাদের চাকরির বয়স ২ বছর বাড়ল

■ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) কর্মকর্তাদের চাকরির বয়সসীমা ৬০ বছর থেকে বাড়িয়ে ৬২ বছর করা হয়েছে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় সিনেটের ২১তম অধিবেশনে কর্মকর্তাদের চাকরির বয়সসীমা বৃদ্ধির প্রস্তাবটি পাস হয়েছে। সিনেট অধিবেশনে সবমিলিয়ে ১০টি প্রস্তাব পাস ও পরিবর্তন করা হয়।

এর আগে গতকাল সকালে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে এ অধিবেশন শুরু হয়। পরে বিশববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে সিনেটের উদ্বোধনী অধিবেশন শুরু হয়।

উদ্বোধনী অধিবেশনের শুরুতে রীতি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক আচার্য ও রাষ্ট্রপতি জিল্লুর রহমানসহ ২০০১-২০১৫ সাল পর্যন্ত দেশবরেণ্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ করা হয় এবং তাদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও ছাত্র উপদেষ্টা অধ্যাপক ছাদেকুল আরেফিন সমকালকে জানান, এ সভায় অন্যান্য বিষয়ের মধ্যে ইনস্টিটিউট অব ইংলিশ অ্যান্ড আদার ল্যাংগুয়েজেস প্রতিষ্ঠার প্রস্তাব, ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ), ইনস্টিটিউট অব এডুকেশন অ্যান্ড রিসার্চ (আইইআর) ও ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেসের (আবিএসসি) কয়েকটি ধারা-উপধারা সংশোধন, রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ অধ্যাদেশ ২০১৫-কে দ্বাদশ সংবিধি করা, বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের চাকরির বয়সসীমা ৬০ বছর থেকে ৬২ বছরে উন্নীত করা এবং বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত ধারা সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়। এ ছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদনও অনুমোদন করা হয়।

অধ্যাপক ছাদেকুল আরেফিন আরও জানান, সিনেটের এই সভায় ২০১৪-২০১৫ অর্থবছরের ২৭০ কোটি ৮০ লাখ টাকার সংশোধিত বাজেট এবং ২০১৫-১৬ অর্থবছরের ২৯৪ কোটি ৭০ লাখ টাকার মূল বাজেট প্রস্তাব অনুমোদিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সায়েন উদ্দিন আহমদ এই বাজেট পেশ করেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সর্বশেষ সিনেটের অধিবেশন বসেছিল ২০০১ সালের ২৮-২৯ জুন। দীর্ঘদিন ধরে নির্বাচন না হওয়ায় সিনেটের রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ক্যাটাগরির ২৫টি পদ মেয়াদ-উত্তীর্ণ হয়েছে। রাকসু নির্বাচন না হওয়ায় শূন্য রয়েছে ছাত্র প্রতিনিধির পাঁচটি পদ।